

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৫/২০১৪

অভিযোগকারী : জনাব ফেরদৌস হাসান

পিতা-মোঃ হাসান আলী শেখ
জেসিরোড, ধানবান্ধি
সিরাজগঞ্জ।

প্রতিপক্ষ : ডাঃ পারভেজ রহিম

উপ-পরিচালক (সংস্থাপন)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

মিরপুর-২, ঢাকা-১২১৬।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৭-০৩-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব ফেরদৌস হাসান তার দাখিলকৃত ৮৩/২০১৩ নং অভিযোগের বিষয়ে উল্লেখ করেন যে, শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার প্রার্থীত তথ্য সরবরাহ করেননি। প্রার্থীত তথ্য পেতে অভিযোগকারী পুনরায় ২৫-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফেরদৌস হাসান এবং প্রতিপক্ষ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ডাঃ পারভেজ রহিম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী তাকে তথ্য প্রদান করা হয়নি। টেলিফোনে আলাপের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে বলা হয়েছে। কোন লিখিত ডকুমেন্ট না পাওয়ায় তথ্য সংগ্রহ করা হয়নি।

০৪। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর সাথে টেলিফোনে যোগাযোগ করে তথ্য সংগ্রহ করতে বলা হয়েছে। অভিযোগকারী তথ্য সংগ্রহের জন্য কার্যালয়ে না আসায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। যেহেতু, টেলিফোনে যোগাযোগ করা হয়েছে, তাই কোনরূপ লিখিত পত্র প্রদান করা হয়নি। বর্তমানে প্রার্থীত তথ্য প্রস্তুত রয়েছে। কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে তথ্য সরবরাহ করার বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক নিশ্চয়তা প্রদান করা হয়।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক টেলিফোনিক আলাপের মাধ্যমে অভিযোগকারীকে তথ্য সংগ্রহ করতে বলা হয়েছে। লিখিত কোন পত্র প্রদান না করায় অভিযোগকারী কর্তৃক তথ্য সংগ্রহ করা হয়নি। অভিযোগকারীর প্রার্থীত তথ্য প্রস্তুত রয়েছে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ: পৃ: দ্র:)

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৭-০৪-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা প্রদান করা হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার